

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ব্যয় নিয়ন্ত্রণ শাখা-৬

নং-অম/অবি/ব্যঃনিঃ-৬/বিবিধ-২/২০০৯/২০০

তারিখঃ ১০-০৬-২০০৯ খ্রিঃ
২৭-০২-১৪১৬ বঃ

পরিপত্র


বিষয়ঃ সরকারি সম্পদ ব্যবহারে কৃষ্ণ সাধনের লক্ষ্যে কতিপয় ব্যয় হ্রাস প্রসঙ্গে।

বৈশ্বিক অর্থনৈতিক মন্দার প্রেক্ষাপটে কর্মসংস্থান সৃষ্টি, সামষ্টিক চাহিদা বৃদ্ধি, সামাজিক নিরাপত্তামূলক কার্যক্রম ও দারিদ্র্য নিরসনমূলক বিভিন্ন কার্যক্রমের জন্য প্রয়োজনীয় অর্থ সংস্থান নিশ্চিত করার লক্ষ্যে অন্যান্য ক্ষেত্রে সরকারি ব্যয় সংকোচন ও কৃষ্ণ সাধন প্রয়োজন। এমতাবস্থায়, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং অধীনস্থ অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের বিভিন্ন প্রকার ব্যয়ের ক্ষেত্রে অপচয় রোধ এবং যৌক্তিকতার নিরিখে পণ্য ও সেবা গ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে সরকার নিম্নরূপ নির্দেশনা প্রতিপালনের সিদ্ধান্ত গ্রহণ করেছে :-

- ১। (ক) বছরের শুরুতে Procurement Plan এবং সরকারি ভবন/স্থাপনা/সড়ক নির্মাণ ও মেরামত/সংরক্ষণের সুনির্দিষ্ট পরিকল্পনা তৈরী করতে হবে। এই পরিকল্পনায় উল্লেখ থাকবে কোথায় কতটি ভবন/স্থাপনা/সড়ক নির্মাণ ও মেরামত/সংস্কার করা হবে। অর্থ বিভাগ এসব পরিকল্পনা পরীক্ষা নিরীক্ষা করে অর্থ বরাদ্দ/ছাড় করবে।
- (খ) প্রতি বছর সংশ্লিষ্ট বিশেষজ্ঞ কমিটি কর্তৃক স্ট্যান্ডার্ড হার (যেমন প্রতি বর্গফুটের নির্মাণ/মেরামত ব্যয়, প্রতি কিঃমিঃ সড়কের নির্মাণ/মেরামত ব্যয়) নির্ধারণ করা যেতে পারে। এক্ষেত্রে কমিটিতে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের একজন প্রতিনিধিসহ অন্ততঃ দুইজন External Expert থাকতে হবে।
- ২। (ক) সরকারি দপ্তরে ১৬০০ সিসির উর্কে সিডান গাড়ি এবং ২৭০০ সিসির উর্কে জীপগাড়ি ব্যবহার করা যাবেনা।
- (খ) বাজেটে যানবাহন ক্রয়ের জন্য অর্থ বরাদ্দের প্রস্তাবে প্রামাণ্য কাগজপত্রসহ নিম্নে বর্ণিত তথ্যগুলো দিতে হবে-
 - (১) ক্রয়ের জন্য প্রস্তাবিত যানবাহন অনুমোদিত টিওএন্ডই'তে অন্তর্ভুক্ত আছে কিনা;
 - (২) প্রস্তাবে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন আছে কিনা;
 - (৩) প্রতিস্থাপনের ক্ষেত্রে গাড়ি একেজো ঘোষণা করে বিক্রি করা হয়েছে কিনা;
 - (৪) গাড়ি একেজো ঘোষণার প্রক্রিয়া যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কিনা।
- (গ) নতুন ক্রয়কৃত যানবাহন সিএনজি চালিত হতে হবে। সরকারি সকল যানবাহন সিএনজিতে রূপান্তরের জন্য বিদ্যমান নির্দেশনা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।
- ৩। বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে সকল ক্ষেত্রে এনার্জি সেভিং বাল্ব ব্যবহার করতে হবে।
- ৪। প্রাধিকারভুক্ত কর্মকর্তাগণের আবাসিক টেলিফোনের ন্যায় সকল দাপ্তরিক টেলিফোনের ব্যয়সীমা স্ব-উদ্যোগে নিয়ন্ত্রণে রাখতে হবে।
- ৫। সরকারের বিভিন্ন সভা/সেমিনার উপলক্ষে আপ্যায়ন ব্যয়ের আধিক্য পরিহার করতে হবে।
- ৬। সরকারি/আধা-সরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের এক কর্মস্থল থেকে অন্য কর্মস্থলে ঘন ঘন বদলী যথাসম্ভব পরিহার করতে হবে। সচরাচর একই কর্মস্থলে ৩(তিন) বছর পর্যন্ত চাকুরীর মেয়াদকাল অনুসরণ করা বাঞ্ছনীয়।
- ৭। (ক) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, ডিসিপিএন ফোর্সেস এবং সুপ্রীমকোর্ট ব্যতীত অন্যান্য সকল দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের নিরাপত্তা প্রহরী, মালি এবং ক্লিনার/সুইপারসহ ৪র্থ শ্রেণীর কর্মচারী নিয়োগের পরিবর্তে Out Sourcing এর মাধ্যমে সেবা গ্রহণ করার বর্তমান নিয়ম চালু রাখতে হবে।
- (খ) রাজস্ব বাজেটের আওতাভুক্ত ৪র্থ শ্রেণীর যে সকল পদ অবসর জনিত বা অন্য কোনো কারণে শূন্য হবে সেখানে Out Sourcing করতে হবে।

- ৮। (ক) উন্নয়ন প্রকল্পের জনবল যথাসম্ভব রাজস্ব বাজেটভুক্ত জনবলের মধ্য থেকে প্রেষণের মাধ্যমে নিয়োগ দিতে হবে।
(খ) সমাপ্ত প্রকল্পের যানবাহনের জ্বালানী ব্যয় রাজস্বখাত থেকে বহন করা যাবেনা।
- ৯। (ক) প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তাদের প্রটোকল প্রদানের ক্ষেত্রে একজনের বেশী কর্মকর্তাকে প্রটোকল কাজে নিয়োগ করা যাবেনা।
(খ) ভিআইপিদের আগমন উপলক্ষে কোন গেইট/তোরণ নির্মাণ করা যাবেনা।
- ১০। সরকারি কার্যোপলক্ষে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে ভ্রমণকারী সদস্য/কর্মকর্তার সংখ্যা যৌক্তিক(rational) হতে হবে।
- ১১। (ক) বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহকে আপ্যায়ন ব্যয়ের ক্ষেত্রে মিতব্যয়ী হতে হবে।
(খ) বিদেশস্থ বাংলাদেশ মিশনের বাড়ি ভাড়া বৃদ্ধি ৫% এর বেশী হলে অর্থ বিভাগের অনুমোদন গ্রহণের বিধান রয়েছে। এ বিধান প্রতিপালন করতে হবে।

এ নির্দেশনাসমূহ অবিলম্বে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেয়া পর্যন্ত বহাল থাকবে।


(ফজলে কবির) ১০.০৬.০২
অতিরিক্ত সচিব (সানি)

বিতরণ :-

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ অডিট হাউজ, কাকরাইল, ঢাকা।
৪। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়।
৫। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৬। সচিব, -----মন্ত্রণালয়/বিভাগ(অধীনস্থ সকল দপ্তরকে নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো)।
৭। বিভাগীয় কমিশনার (সকল)।
৮। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
৯। হিসাব মহা-নিয়ন্ত্রক, সেগুন বাগিচা, ঢাকা।
১০। সিজিডিএফ, সেগুন বাগিচা, ঢাকা।
১১। অতিরিক্ত মহা-পরিচালক(অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, আব্দুল গণি রোড, ঢাকা।
১২। জেলা প্রশাসক (সকল)।
১৩। উপজেলা নিবাহী অফিসার(সকল)।
১৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক (সকল)।
১৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল)।
১৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল)।
১৭। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল)।
১৮। অফিস কপি।